

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
যুব উন্নয়ন অধিদপ্তর  
যুব ভবন  
১০৮, মতিঝিল, বা/এ, ঢাকা-১০০০।  
[www.dyd.gov.bd](http://www.dyd.gov.bd)

নং-৩৪.০১.০০০০.০৩৮.৪৮.০৪৯.২০১৪-১০৪

তারিখ: ০৬ মার্চ, ১৪২৩বাং  
১৬ ফেব্রুয়ারী, ২০১৭ইং

বিষয়: কারণ দর্শানোর নোটিশ।

সূত্র: নাগরপুর, টাংগাইল কার্যালয়ের ৩৪.০১.৯৩৭৬.০০০.৪৩.০৪৩.২০১৬-৩৭, তারিখ ১৭-০১-২০১৭খ্রিঃ।

যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে ব্যাপক প্রযুক্তি নির্ভর সমন্বিত সম্পদ ব্যবস্থাপনা (২য় পর্যায়-১ম সংশোধিত)” [Integrated Management of Resources for Poverty Alleviation Through comprehensive Technology (IMPACT) (Phase-2) (1<sup>st</sup> Revised)]-শীর্ষক প্রকল্পে শিবচর, মাদারীপুর উপজেলায় উপজেলা বায়োগ্যাস সাব-এসিস্টেন্ট ইঞ্জিনিয়ার হিসেবে কর্মরত আছেন। প্রধান কার্যালয়ের ০৬-০৩-২০১৬খ্রিঃ তারিখের ৩৪.০১.০০০০.০৩৮.১৯.১৮৭.২০১৬-৩০১ সংখ্যক আদেশ মোতাবেক নাগরপুর উপজেলায় ১০-০৩-২০১৬খ্রিঃ তারিখের মধ্যে অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত উপজেলায় রিপোর্ট করার নির্দেশনা থাকলেও আপনি ১৫-০৯-২০১৬ খ্রিঃ তারিখে রিপোর্ট করেন। পরবর্তীতে ০৮-০৯-২০১৬খ্রিঃ তারিখের ৩৪.০১.০০০০.০৩৮.১৯.১৮৭.২০১৬-১০২ সংখ্যক আদেশে প্রতি মাসের ১৫ তারিখ হতে শেষ কর্মদিবস পর্যন্ত অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত উপজেলায় অবস্থানের কথা উল্লেখ থাকলেও আপনি সেপ্টেম্বর/ ২০১৬ মাসে ০৫ দিন, অক্টোবর/২০১৬ হতে ডিসেম্বর/২০১৬ পর্যন্ত ৩(তিন) মাসে কেবলমাত্র ১১ দিনসহ মোট ১৬দিন অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত উপজেলায় দায়িত্ব পালন করেন। জানুয়ারী/২০১৬ মাসে ১৭ তারিখ পর্যন্ত কোন রকম যোগাযোগ না করে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন। আপনি সরকারী আদেশকে অবজ্ঞা করে আপনার খেয়াল খুশি মত গমনাগমন করেন এতে উভয় উপজেলায় বায়োগ্যাস প্লান্ট স্থাপন লক্ষ্যমাত্রা অর্জিত হচ্ছে না।

০২। এমতাবস্থায় সরকারী আদেশকে অবজ্ঞা করে আপনার খেয়াল খুশি মত গমনাগমন করার কারণে কেন আপনার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে না তা পত্র প্রাপ্তির ০৭(সাত) কর্মদিবসের মধ্যে জানানোর জন্য নির্দেশ দেয়া হলো। একই সাথে জরুরী ভিত্তিতে বায়োগ্যাস প্লান্ট স্থাপন লক্ষ্যমাত্রা ২০১৬-২০১৭ অর্থবছরে অর্জনের লক্ষ্যে উভয় উপজেলায় আদেশ মোতাবেক দায়িত্ব পালন করে উভয় উপজেলায় বায়োগ্যাস প্লান্ট স্থাপন লক্ষ্যমাত্রা ১০০% অর্জনের নির্দেশ প্রদান করা হলো।

প্রাপক,

জনাব তুহিন হাসান বিশ্বাস  
উপজেলা বায়োগ্যাস সাব-এসিস্টেন্ট ইঞ্জিনিয়ার  
যুব উন্নয়ন অধিদপ্তর  
শিবচর, মাদারীপুর  
ও  
অতিরিক্ত দায়িত্ব প্রাপ্ত উপজেলা  
নাগরপুর, টাংগাইল।

(মোঃ আঃ হামিদ খান)

প্রকল্প পরিচালক

ইমপ্যাক্ট (ফেজ-২) প্রকল্প

ফোন-৯৫৮৮৩৯২

E-mail: pdimpactphase2dyd@gmail.com

সদয় অবগতি ও কার্যার্থে:

- ০১। পরিচালক----- (সকল), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, মাদারীপুর/টাংগাইল।
- ০৩। প্রোগ্রামার, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা (তাকে পত্রটি যুব উন্নয়ন অধিদপ্তরের ওয়েবসাইটে দেয়ার জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, যুব উন্নয়ন অধিদপ্তর, শিবচর, মাদারীপুর/নাগরপুর, টাংগাইল।
- ০৫। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।